

বঙ্গভবন, ০৬ মার্চ ২০২২:

জনগণের অর্থ যাতে জনস্বার্থে ব্যবহৃত হয় তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ।

সক্ষায় মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক মোহাম্মদ মুসলিম চৌধুরী (সিএজি) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের নিকট বার্ষিক অডিট ও হিসাব রিপোর্ট পেশ করলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান।

সাক্ষাৎকালে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রতিবেদনের বিভিন্ন দিক সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন।

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেন, সরকারি অর্থ ব্যয়ে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে নিরীক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনিশ্চিতকৃত নিরীক্ষা আপত্তি যথাসময়ে নিষ্পত্তির লক্ষ্যে নিরীক্ষা কার্যক্রম জোরদার করতে সিএজি কে নির্দেশ দেন রাষ্ট্রপতি।

পরে, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এর চেয়ারম্যান অধ্যাপক ডক্টর মেজবাহ উদ্দিন আহমেদের নেতৃত্বে একটি প্রতিনিধিদল রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে কাউন্সিলের প্রথম বার্ষিক প্রতিবেদন পেশ করেন।

সাক্ষাৎকালে অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রতিবেদনের বিভিন্ন দিক এবং কাউন্সিলের সার্বিক কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন।

বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষা ও গবেষণাসহ সার্বিক কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে অ্যাক্রেডিটেশন কাউন্সিলকে ভূমিকা রাখার নির্দেশ দেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। উচ্চ শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম মনিটরিং এর আওতায় আনারও পরামর্শ দেন রাষ্ট্রপতি।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।